

বঙ্গেড প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য গ্রীন চ্যানেল সুবিধা কি ? একটি প্রতিষ্ঠান কি কি শর্ত পরিপালন করলে গ্রীন চ্যানেল সুবিধা ভোগের অধিকারী হবেন ?

জাতীয় অর্থনীতিতে শতভাগ রপ্তানিমূল্যী পোষাক শিল্পের গুরুত্ব বিবেচনায় এবং স্বচ্ছ ও সুনামধারী প্রতিষ্ঠানসমূহকে অধিকতর উৎসাহ প্রদানের উদ্দেশ্যে যে পদ্ধতিতে স্পেশাল বন্ড লাইসেন্স এর আওতায় আমদানিকৃত কাঁচামাল কতিপয় শর্ত ও ব্যবস্থায় খালাস প্রদানের সুযোগ দেয়া হয়েছে তাই গ্রীন চ্যানেল পদ্ধতি। উল্লেখ্য, এই পদ্ধতিতে দৈবচয়নের ভিত্তিতে নির্বাচিত শতকরা দশ ভাগ (১০%) পণ্য চালান ব্যতীত আমদানিকৃত কাঁচামালের কোন কার্যক পরীক্ষা করা হবে না।

শর্ত :-

- (ক) বিগত পাঁচ বছরের মধ্যে যে সব পোশাক শিল্পের মূল মালিকানায় সর্বমোট ২৫% (শতকরা পাঁচিশ ভাগ) এর বেশী পরিবর্তন হয়নি;
- (খ) যে সব পোশাক শিল্পের বিরুদ্ধে কোন অভিযোগ/অনিয়ম/দাবীনামা নেই এবং নিয়মিত অডিট ও পরিদর্শন করা হয়েছে এবং আমদানি রপ্তানি কার্যক্রম অব্যাহত ও স্বাভাবিক আছে;
- (গ) উপরের (ক) ও (খ) বিষয় পরীক্ষা-নিরীক্ষা করে বিজিএমইএ তালিকা প্রণয়ন করে তা সংশ্লিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষ অর্থাৎ বন্ড কমিশনারেট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন। এর অনুলিপি সদস্য (শুল্ক) জাতীয় রাজস্ব বোর্ডকেও প্রেরণ করতে হবে। তালিকা প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ তালিকাভুক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন অভিযোগ/অনিয়ম/দাবীনামা/২০২ ধারা প্রয়োগ করা আছে কিনা এবং নিয়মিত প্রতি বছর ৩০শে জুনের মধ্যে বার্ষিক অডিট ও পরিদর্শন করা হয়েছে কিনা, আমদানি রপ্তানি কার্যক্রম স্বাভাবিক কিনা ইত্যাদি ন্যূনপক্ষে অতিরিক্ত কমিশনার/যুগ্ম-কমিশনার পর্যন্ত নিরিড পরীক্ষা করতে হবে।